০৪

# প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৮

সেট : ৮১৬১
তারিখ : ২০.০৪.২০১৮

[স্থগিত ২০১৪]

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

## যে ১২ জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল

মাদারীপুর, ফেনী, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, শরীয়তপুর, লক্ষ্মীপুর, ঝালকাঠি, বরগুনা, নড়াইল, চুয়াডাঙ্গা, মেহেরপুর, জয়পুরহাট।

[দ্রষ্টব্য: উত্তরদাতা প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (দশমিক দুই পাঁচ) নম্বর কাটা যাবে]

**০১. 'বরণের যোগ্য যিনি' বাক্যটিকে এক কথায় প্রকাশ করুন।**

ক. বরেণ্য খ. বীরপুরুষ
গ. বীর ঘ. বরনীয়

উত্তর ক ব্যাখ্যা বরণের যোগ্য যিনি – বরেণ্য/বরণীয়, বাক্য ও মনের অগোচর–অবাঙ্মানসগোচর, বহু জনের সমাবেশ – জনতা, বিনা কাজে সর্বত্র ঘুরে বেড়ায় যে – ভবঘুরে, বীর পতি যার – বীরভর্তৃকা, বহু নারীর স্বামী বা প্রিয় ব্যক্তি – বহুবল্লভ, বহু পুরুষের প্রিয় নারী – বহুবল্লভা।

**০২. একজন ক্রিকেটারের ১০ ইনিংসের রানের গড় ৪৫.৫। ১১তম ইনিংসে কত রান করে আউট হলে সব ইনিংসে মিলিয়ে তার রানের গড় ৫০ হবে?**

ক. ৯৫ খ. ৯৮
গ. ৯৬ ঘ. ৯০

উত্তর ক ব্যাখ্যা

প্রথম ১০ ইনিংসে মোট রান = (৪৫.৫ × ১০) = ৪৫৫ রান
১১তম ইনিংস পর মোট রান হবে = (৫০ × ১১) রান
= ৫৫০ রান
∴ ১১তম ইনিংসের রান = (৫৫০ – ৪৫৫)
= ৯৫ রান

**০৩. The roads of Dhaka are wider...**

ক. than Sylhet খ. then those of Sylhet
গ. than those of Sylhet ঘ. then Sylhet's

উত্তর গ ব্যাখ্যা বাক্যে "The roads of Dhaka" এর সাথে "the roads of Sylhet" এর তুলনা করা হয়েছে। পুনরাবৃত্তি এড়াতে 'than conjunction টির পরবর্তী Noun (the roads) এর পরিবর্তে 'those' pronoun টি ব্যবহার করা হয়েছে।

**০৪. চুম্বক দ্বারা আকৃষ্ট হয় না-**

ক. লৌহ খ. ইস্পাত
গ. নিকেল ঘ. পিতল উত্তর ঘ

**০৫. 'দেশের জন্য সেবা কর' 'দেশের' কোন কারকে কোন বিভক্তি?**

ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য
গ. কর্মে ষষ্ঠী ঘ. সম্প্রদানে ষষ্ঠী

উত্তর ঘ ব্যাখ্যা কারক ও বিভক্তির প্রয়োগ: হামিদ বই পড়ে (কর্তায় শূন্য), ডাক্তার ডাক (কর্মে শূন্য), তোমার দেখা পেলাম না (কর্মে ষষ্ঠী)।

**০৬. I prefer tea —— coffee.**

ক. for খ. than
গ. from ঘ. to

উত্তর ঘ ব্যাখ্যা দুটি বিষয়ের মধ্যে একটিকে অধিকতর পছন্দ করা এরূপ ক্ষেত্রে Perfer + NP + to + NP - structure টি অনুসৃত হয়। বাক্যে কর্তার coffee অপেক্ষা tea বেশি পছন্দ।

**০৭. It is 11 am now. The sun —— in the eastern sky.**

ক. had been shining খ. shines
গ. is shining ঘ. has been shining

উত্তর গ ব্যাখ্যা প্রসঙ্গে 'Now' adverb টির উল্লেখ 'একটি চলমান অবস্থা' কে নির্দেশ করে। সেহেতু সংশ্লিষ্ট বাক্যটির verb এর tense present contiruus tense হবে।

**০৮. কোন বানানটি শুদ্ধ?**

ক. আদ্যাক্ষর খ. আদ্যাখর
গ. আদ্যাক্ষর ঘ. আদ্যোক্ষর

উত্তর গ ব্যাখ্যা কতিপয় বানান সতর্কতা : অশ্বত্থ, অলজ্ঝ, অন্ত্যেষ্টিক্রিয়া, অগ্ন্যুৎপাত, অগ্ন্যাশয়, অন্তঃসত্ত্বা, অন্তর্জ্বালা, অনূর্ধ্ব, অধ্যাত্ম, অহর্নিশ।

**০৯. জাতিসংঘের অঙ্গসংস্থা নয় কোনটি?**

ক. বিশ্বস্বাস্থ্য সংস্থা খ. আন্তর্জাতিক রেডক্রস
গ. বিশ্ব খাদ্য সংস্থা ঘ. আন্তর্জাতিক আদালত

উত্তর খ ব্যাখ্যা রেডক্রস বিশ্বের দুঃস্থ মানবতার সেবায় নিয়োজিত একটি আন্তর্জাতিক সংস্থা। মুসলিম বিশ্বে রেডক্রসের পরিবর্তিত নাম রেডক্রিসেন্ট। এটি ১৮৬৩ সালে ৯ ফেব্রুয়ারি প্রতিষ্ঠিত হয়।

**১০. ০.৩ × ০.০৩ × ০.০০৩ = কত?**

ক. ০.০০০০২৭ খ. ০.০০০২৭
গ. ০.০২৭ ঘ. ০.০০০২৭

উত্তর ক ব্যাখ্যা ০.৩ × ০.০৩ × ০.০০৩ = ০.০০০০২৭

**১১. $X = \sqrt{3} - \frac{1}{x}$ হলে, $x^3 + \frac{1}{x^3}$ এর মান কত?**

ক. $\sqrt{3}$ খ. 0.0
গ. 1.0 ঘ. 3.0

উত্তর খ ব্যাখ্যা $x = \sqrt{3} - \frac{1}{x} \Rightarrow x + \frac{1}{x} = \sqrt{3}$

এখন $x^3 + \frac{1}{x^3} = \left(x + \frac{1}{x}\right)^3 - 3.x\frac{1}{x}\left(x + \frac{1}{x}\right)$

$= (\sqrt{3})^3 - 3\sqrt{3}$

$= 3\sqrt{3} - 3\sqrt{3} = 0$

**১২. Choose the correct indirect speech. She asked me, 'Are you happy in your new job?'**

ক. She asked me if had been happy in my new job
খ. She asked me if I was happy in my new job
গ. She asked me if I have been happy in my new job
ঘ. She asked me whether I am happy in my new job

উত্তর খ ব্যাখ্যা Direct speech থেকে Indirect speech এ পরিবর্তনের ক্ষেত্রে reporting verb টি past idifinite (asked) থাকলে এবং Reported speech টি যদি present indifinite tense এর হয় তাহলে reported speech এর tense টি ও past indifinite tense এ পরিবর্তিত হবে।

**১৩. Adult Cell ক্লোন করে যে ভেড়ার জন্ম হয়েছে তার নাম দেওয়া হয়েছে-**

ক. মলি খ. নেলী
গ. শেলী ঘ. ডলি

উত্তর ✓ ঘ ব্যাখ্যা ১৯৯৬ সালে 'অ্যাডাল্ট সেল ক্লোন করে সর্বপ্রথম যুক্তরাজ্যের একদল বিজ্ঞানী একটি ভেড়ার জন্ম দেয়। এটির নাম দেওয়া হয় 'ডলি'।

**১৪. 'কচুবনের কালাচাদ' বাগধারাটির অর্থ কী?**

ক. অপদার্থ খ. সাদাসিধা লোক
গ. সৌখিন ব্যক্তি ঘ. নিরীহ ব্যক্তি

উত্তর ✓ ক ব্যাখ্যা কতিপয় বাগধারা : অগাধ জলের মাছ (সুচতুর ব্যক্তি); আটকপালে (হতভাগ্য), গোঁয়ার গোবিন্দ (নির্বোধ অথচ হঠকারী), ননীর পুতুল (শ্রমবিমুখ), রুই-কাতলা (পদস্থ বা নেতৃস্থানীয় ব্যক্তি), লেফাফা দুরস্ত (বাইরের ঠাট বজায় রেখে চলেন যিনি)।

**১৫. মৌলিক পদার্থ কোনটি?**

ক. বাতাস খ. লোহা
গ. পিতল ঘ. জল

উত্তর খ

**১৬. 'নন্দিত' এর বিপরীতার্থক শব্দ কোনটি?**

ক. বিষণ্ন খ. বিষাদ
গ. প্রচ্ছন্ন ঘ. নিন্দিত

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কতিপয় বিপরীতার্থক শব্দ : বিষণ্ণ–প্রসন্ন, বিষাদ-আনন্দ/হর্ষ, প্রচ্ছন্ন–ব্যক্ত, গৃহী–সন্ন্যাসী, স্বাধীন–পরাধীন, হ্রাস–বৃদ্ধি, স্মৃতি–বিস্মৃতি।

**১৭. বহুব্রীহি সমাস কয় প্রকার?**

ক. দশ প্রকার খ. তিন প্রকার
গ. আট প্রকার ঘ. ছয় প্রকার

উত্তর ✓ গ ব্যাখ্যা বহুব্রীহি সমাস আট প্রকার। যথা: সমানাধিকরণ, ব্যধিকরণ, ব্যতিহার, নঞ, মধ্যপদলোপী, প্রত্যয়ান্ত, অলুক ও সংখ্যাবাচক বহুব্রীহি সমাস।

**১৮. বৃষ্টি পড়ে টাপুর টুপুর–এখানে 'টাপুর টুপুর' কোন ধরনের শব্দ?**

ক. পদের দ্বিরুক্তি খ. ছড়ার শব্দ
গ. শব্দের দ্বিরুক্তি ঘ. ধ্বন্যাত্মক দ্বিরুক্তি

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কোনো কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতি-বিশিষ্ট শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। এ জাতীয় ধ্বন্যাত্মক শব্দের দুইবার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি। যেমন: ঝমঝম, টপাটপ, পটাপট, ঝনঝনি।

**১৯. লোকসাহিত্য কাকে বলে?**

ক. লোকের মুখে মুখে প্রচলিত কাহিনি, গান, ছড়া ইত্যাদিকে
খ. গ্রামীণ অশিক্ষিত ও অখ্যাত লোকের সৃষ্ট রচনাকে
গ. গ্রামীণ নরনারীর প্রণয় সংবলিত উপাখ্যানকে
ঘ. লোক সাধারণের কল্যাণে দেবতার স্তুতিমূলক রচনাকে

উত্তর ✓ ক ব্যাখ্যা লোকসাহিত্য বলতে জনসাধারণের মুখে মুখে প্রচলিত গাথা, কাহিনি, গান, ছড়া, প্রবাদ ইত্যাদি বোঝানো হয়। সাধারণত কোনো সম্প্রদায় বা জনগোষ্ঠীর অলিখিত সাহিত্যই লোকসাহিত্য। অর্থাৎ জাতীয় সংস্কৃতির যে সকল সাহিত্য গুণসম্পন্ন সৃষ্টি প্রধানত মৌখিক ধারা অনুসরণ করে অগ্রসর হয় তাকে লোকসাহিত্য হিসেবে চিহ্নিত করা হয়।

**২০. কোনটি বাংলাদেশের সীমান্তবর্তী দেশ?**

ক. মায়ানমার খ. নেপাল
গ. ভুটান ঘ. চীন

উত্তর ✓ ক ব্যাখ্যা বাংলাদেশের সাথে ভারত ও মিয়ানমারের সীমান্ত রয়েছে। ভারতের সাথে বাংলাদেশের সীমান্ত দৈর্ঘ্য ৪১৫৬ কি.মি এবং মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্ত দৈর্ঘ্য ২৭১ কি.মি.।

**২১. একটি কলম ও একটি বইয়ের মূল্য একত্রে ৯৫ টাকা। কলমটির মূল্য ১৫ টাকা বেশি ও বইটির মূল্য ১৪ টাকা কম হলে কলমটির মূল্য বইটির মূল্যের দ্বিগুণ হতো। বইটির মূল্য কত?**

ক. ৫০ টাকা খ. কোনোটিই নয়
গ. ৪৯ টাকা ঘ. ৪৬ টাকা

উত্তর ✓ ঘ ব্যাখ্যা এখন, $k + B = ৯৫$ ——— (i)
এবং, $k + ১৫ = ২(B - ১৪)$
$\Rightarrow k + ১৫ = ২B - ২৮$
$\Rightarrow k - ২B = - ২৮ - ১৫$
$\Rightarrow k - ২B = - ৪৩$ ——— (ii)
(ii) – (i) $k - ২B = - ৪৩$
$k + B = ৯৫$

$-৩B = -১৩৮$
$\Rightarrow B = \frac{১৩৮}{৩}$
$\therefore B = ৪৬$
$\therefore$ বইটির মূল্য = ৪৬ টাকা।

**২২. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ২৭, ৪০ ও ৬৫ কে ভাগ করলে যথাক্রমে ৩, ৪ ও ৫ ভাগশেষ থাকবে?**

ক. ১২ খ. ১০
গ. ১৬ ঘ. ১৪

উত্তর ✓ ক ব্যাখ্যা এখন, $২৭ - ৩ = ২৪$
$৪০ - ৪ = ৩৬$
$৬৫ - ৫ = ৬০$
এখানে, ২৪, ৩৬ ও ৬০ একমাত্র ১২ দ্বারা নিঃশেষে বিভাজ্য।

**২৩. নিম্নের নামগুলোর মধ্যে মুক্তিযুদ্ধে 'বীর প্রতীক' খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধা কে?**

ক. নীলিমা ইব্রাহিম খ. বেগম সুফিয়া কামাল
গ. সেতারা বেগম ঘ. জাহানারা বেগম

উত্তর ✓ গ ব্যাখ্যা মুক্তিযুদ্ধে গুরুত্বপূর্ণ অবদানের জন্য দুইজন নারী মুক্তিযোদ্ধা বীরত্বপূর্ণ বীরপ্রতীক খেতাবে ভূষিত হন। তারা হলেন ক্যাপ্টেন ড.সেতারা বেগম এবং তারামন বিবি। সেতারা বেগম ২নং সেক্টরে এবং তারামন ১১নং সেক্টরে যুদ্ধ করেন।

**২৪. 'কথায় বর্ণনা করা যায় না যা'- এ বাক্যের সংক্ষিপ্ত রূপ কী?**

ক. অনির্বচনীয় খ. অবর্ণনীয়
গ. নির্বচনীয় ঘ. বর্ণনাতীত

উত্তর ✓ ক ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : যা বলার যোগ্য নয় – অকথ্য, যা নিবারণ করা যায় না – অনিবার্য, যার অন্য উপায় নেই – অনন্যোপায়, যার কোনো উপায় নেই – নিরুপায়।

**২৫. বাংলাদেশের সবচেয়ে খরস্রোতা নদী কোনটি?**

ক. যমুনা খ. মেঘনা
গ. কর্ণফুলি ঘ. পদ্মা

উত্তর ✓ গ ব্যাখ্যা বাংলাদেশের সবচেয়ে খরস্রোতা নদী কর্ণফুলী নদী। কর্ণফুলী নদী ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড় থেকে উৎপত্তি লাভ করেছে। খাগড়াছড়ি, রাঙামাটি ও চট্টগ্রাম দিয়ে কর্ণফুলী নদী প্রবাহিত।

**২৬. 'মাথা খাও, ভুলিওনা খেয়ো মনে করে'- 'মাথা খাও' বলতে বুঝায়-**

ক. মাথার দিব্যি খ. মাথা ব্যথা
গ. মাথা খাওয়া ঘ. মাথা ধরা

উত্তর ক ব্যাখ্যা বাংলা ভাষায় এমন কতকগুলো বিশেষ্য, বিশেষণ ও ক্রিয়াপদ আছে যেগুলো ভিন্ন ভিন্ন অর্থে বাক্যে ব্যবহৃত হয়। এসব শব্দের প্রত্যেকটি নিজস্ব আভিধানিক অর্থের অতিরিক্ত একাধিক বিশিষ্ট অর্থে ব্যবহৃত হয়ে বাক্যের সৌন্দর্য বৃদ্ধি করে। যেমন: 'মাথা খাও, চিঠি দিতে ভুলো না' – এখানে 'মাথা খাও' দিব্যি দেওয়া অর্থে ব্যবহৃত হয়েছে।

**২৭. কোনটি জহির রায়হান রচিত উপন্যাস নয়?**

ক. শেষ বিকেলের মেয়ে খ. তৃষ্ণা
গ. নিষ্কৃতি ঘ. কয়েকটি মৃত্যু

উত্তর গ ব্যাখ্যা

| উপন্যাস | ঔপন্যাসিক |
|---|---|
| শেষ বিকেলের মেয়ে | জহির রায়হান |
| তৃষ্ণা | |
| কয়েকটি মৃত্যু | |
| নিষ্কৃতি | শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |

**২৮. We were watching the news when the telephone —.**

ক. rang খ. rung
গ. ringing ঘ. had rung উত্তর ক

**২৯. Diamond cuts Diamonds-এর অনুবাদ কোনটি?**

ক. মানিকে মানিক চেনে খ. সঙ্গদোষে নষ্ট
গ. সৎসঙ্গে স্বর্গবাস ঘ. সঙ্গ দেখে লোক চেনা যায় উত্তর ক

**৩০. ঢাকায় প্রথম বাংলার রাজধানী স্থাপন করেন–**

ক. সম্রাট জাহাঙ্গীর খ. ইসলাম খাঁ
গ. শায়েস্তা খাঁন ঘ. সম্রাট আকবর

উত্তর খ ব্যাখ্যা ১৬১০ সালে সুবেদার ইসলাম খান চিশ্তী ঢাকাকে প্রথম বাংলার রাজধানীতে রূপান্তিরিত করেন।

**৩১. 'Among' is a preposition that is used when —— people are involved**

ক. two or more than two খ. four only
গ. two ঘ. more than two

উত্তর ঘ ব্যাখ্যা দুই এর অধিক ব্যক্তির মধ্যে বণ্টনের ক্ষেত্রে 'among' (more than two) preposition টি ব্যবহৃত হয়।

**৩২. কোনটি সবচেয়ে বড় ডাটার একক?**

ক. মেগাবাইট খ. কিলোবাইট
গ. গিগাবাইট ঘ. টেরাবাইট উত্তর ঘ

**৩৩. বাদুড় অন্ধকারে চলাফেরা করার সময় কিভাবে দিক নির্ণয় করে?**

ক. চোখে দেখে খ. ঘ্রাণ শক্তির মাধ্যমে
গ. আল্ট্রাসনিক শব্দের মাধ্যমে ঘ. সবগুলোই ঠিক উত্তর গ

**৩৪. 'একাদশে বৃহস্পতি' বাগধারাটির অর্থ কী?**

ক. বিপদে পড়া খ. সৌভাগ্যের বিষয়
গ. দিনের প্রথম ভাগ ঘ. আনন্দের বিষয়

উত্তর খ ব্যাখ্যা কতিপয় বাগ্‌ধারা : আকাশ ভেঙে পড়া (ভীষণ বিপদে পড়া), অন্ধকার দেখা (দিশেহারা হয়ে পড়া), অকূল পাথার (ভীষণ বিপদ), কপাল ফেরা (সৌভাগ্য লাভ), চাঁদের হাট (আনন্দের প্রাচুর্য), মণিকাঞ্চন যোগ/ সোনায় সোহাগা (উপযুক্ত মিলন)।

**৩৫. 'Prior to' means-**

ক. before খ. during the period of
গ. immediately ঘ. after

উত্তর ক ব্যাখ্যা Prior to (পূর্বে) একটি prepositional phrase।

**৩৬. Correct passive form of- 'I have to do it.'**

ক. It is to be done by me. খ. Let it be done by me.
গ. It has to be done to me. ঘ. It has to be done by me.

উত্তর ঘ ব্যাখ্যা Active voice এর বাক্যে 'have to/has to + $v_1$ থাকলে passive voice এর রূপান্তরের ক্ষেত্রে have to be/has to be (person অনুযায়ী) + $v_3$ structure টি অনুসৃত হয়।

**৩৭. কোনো সংখ্যার ৪০% এর সাথে ৪৫ যোগ করলে যোগফল যদি ঐ সংখ্যাটিই হয়, তাহলে সংখ্যাটি কত?**

ক. ৭৫ খ. ৭০
গ. ৮৫ ঘ. ৬৪

উত্তর ক ব্যাখ্যা সংখ্যাটি x হলে, $\frac{৪০x}{১০০} + ৪৫ = x$

$\Rightarrow x - \frac{৪০x}{১০০} = ৪৫ \Rightarrow \frac{১০০x - ৪০x}{১০০} = ৪৫$

$\Rightarrow \frac{৬০x}{১০০} = ৪৫ \Rightarrow x = \frac{৪৫ \times ১০০}{৬০} \therefore x = ৭৫$

**৩৮. কোনটি বাংলার প্রাচীন জনপদের নাম নয়?**

ক. মৌর্য খ. পুণ্ড্র
গ. গৌড় ঘ. রাঢ়

উত্তর ক ব্যাখ্যা ভারতীয় উপমহাদেশের প্রথম শাসনামল মৌর্য সাম্রাজ্য। বাংলার প্রাচীন জনপদগুলো হলো: গৌড়, বঙ্গ, পুণ্ড্র, হরিকেল, সমতট, বরেন্দ্র, তাম্রলিপি, চন্দ্রদ্বীপ, উত্তর রাঢ়, দক্ষিণ রাঢ়, বাঙলা, দণ্ডভুক্তি প্রভৃতি।

**৩৯. 'দুর্দান্ত' এর বিপরীতার্থক শব্দ কোনটি?**

ক. সুবিনীত খ. কোমল
গ. নিরীহ ঘ. সুস্থির

উত্তর গ ব্যাখ্যা কতিপয় বিপরীতার্থক শব্দ : সুবিনীত-দুর্বিনীত, কোমল-কঠিন/কর্কশ, সুস্থির–অস্থির, অন্তরঙ্গ-বহিরঙ্গ, উৎসাহ-নিরুৎসাহ, গৃহী-সন্ন্যাসী, স্মৃতি-বিস্মৃতি।

**৪০. 'নীল লোহিত' কার ছদ্মনাম?**

ক. সুনীল গঙ্গোপাধ্যায় খ. রাজ শেখর বসু
গ. সমর সেন ঘ. সমরেশ মজুমদার

উত্তর ক ব্যাখ্যা

| ছদ্মনাম/উপাধি | প্রকৃত নাম |
|---|---|
| নীল লোহিত | সুনীল গঙ্গোপাধ্যায় |
| পরশুরাম | রাজশেখর বসু |
| নাগরিক কবি | সমর সেন |

**৪১. Which of the following sentences is correct?**

ক. He had been hung for murder
খ. He was hung for murder
গ. He was hanged for murder
ঘ. He was hunged for murder

উত্তর গ ব্যাখ্যা 'ফাঁসিতে মৃত্যু' - এক্ষেত্রে $v_3$-form টি 'hung' না হয়ে 'hanged' হবে।

৪২. 'প্রত্যূষ' শব্দের সন্ধি বিচ্ছেদ করুন।
ক. প্রত্য + উষ খ. প্রতি + উষ
গ. প্রত্যু + উষ ঘ. প্রতি + উষ

উত্তর: ঘ ব্যাখ্যা: প্রতি + উষ = প্রত্যূষ (স্বরসন্ধি সাধিত শব্দ)। ই-কার কিংবা ঈ-কারের পর ই ও ঈ ভিন্ন অন্য স্বর থাকলে ই বা ঈ স্থানে 'য' বা য (ƒ) ফলা হয়। য-ফলা লেখার সময় পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়। যেমন: অতি + অন্ত = অত্যন্ত, প্রতি + এক = প্রত্যেক, নদী + অম্বু = নদ্যম্বু।

৪৩. The correct meaning of the word 'deliberate' is-
ক. intentional খ. familiar
গ. willingly ঘ. known

উত্তর: ক ব্যাখ্যা: deliberate - ইচ্ছাকৃত/বিবেচিত ;
intentional - ঐ।

৪৪. নিচের কোনটি বাংলা লেখার সফটওয়্যার?
ক. সুলেখা খ. সুতনী
গ. রূপসা ঘ. বিজয়

উত্তর: ঘ ব্যাখ্যা: বাংলা ভাষায় উল্লেখযোগ্য ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যার গুলো হলো : বিজয়, লেখনী, শহীদ, লিপি, বসুন্ধরা, অভ্র, অনির্বান, প্রশিকা শব্দ, প্রবর্তনা প্রভৃতি।

৪৫. কোনো ছাত্রাবাসে ৪০ জন ছাত্রের ৩০ দিনের খাবার আছে। ৫ দিন পর আরও ১০ জন ছাত্র আসলে অবশিষ্ট খাদ্যে তাদের কতদিন চলবে?
ক. ২৮ দিন খ. ১৫ দিন
গ. ২০ দিন ঘ. ২৫ দিন

উত্তর: গ ব্যাখ্যা: ৫ দিন পর,
৪০ জন ছাত্রের জন্য খাবার আছে ২৫ দিনের
১ " " " " " ২৫ × ৪০ "
∴ ৫০ " " " " " $\frac{২৫ \times ৪০}{৫০}$ "
= ২০ দিনের।

৪৬. কোনো ত্রিভুজের তিনটি বাহু বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ তিনটি কোণের পরিমাণ কত ডিগ্রি?
ক. ১৮০ খ. ২৭০
গ. ১৫০ ঘ. ৩৬০

উত্তর: ঘ ব্যাখ্যা: কোনো ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ তিনটি কোণের পরিমান ৩৬০ ডিগ্রি হবে।

৪৭. $\left(\frac{5x}{6}+3\right)$ এবং $\left(\frac{x}{3}+10\right)$ পরস্পর সমান হলে x এর মান কত?
ক. 14.0 খ. 6.0
গ. 7.0 ঘ. $\frac{21}{2}$

উত্তর: ক ব্যাখ্যা: $\frac{5x}{6}+3=\frac{x}{3}+10$
$\Rightarrow \frac{5x}{6}-\frac{x}{3}=10-3 \Rightarrow \frac{5x-2x}{6}=7$
$\Rightarrow \frac{3x}{6}=7$
$\Rightarrow x=\frac{7\times 6}{3}$
$\therefore x=14$

৪৮. ২% হার সুদে ১০০ টাকার ৩ বছরের সুদ অপেক্ষা ৩% সুদে ঐ টাকার ৩ বছরের সুদ কত বেশি হবে?
ক. ৪ টাকা খ. ১ টাকা
গ. ২ টাকা ঘ. ৩ টাকা

উত্তর: ঘ ব্যাখ্যা:
১০০ টাকার ১ বছরের সুদ = ২ টাকা
∴ ১০০ " ৩ " " = (৩ × ২) "
= ৬ টাকা
১০০ টাকার ১ বছরের সুদ = ৩ টাকা
১০০ " ৩ " " = (৩ × ৩) "
= ৯ টাকা।
বেশি = (৯ – ৬) = ৩ টাকা

৪৯. একটি ক্লাসের শিক্ষার্থীদের মধ্যে ২৭০০ চকলেট বিতরণ করা হলো। প্রত্যেক শিক্ষার্থী ক্লাসের মোট শিক্ষার্থীর সংখ্যার তিনগুণ পরিমাণ চকলেট পেলে ক্লাসে মোট শিক্ষার্থী সংখ্যা কত?
ক. ৪৫ খ. ৬০
গ. ৯০ ঘ. ৩০

উত্তর: ঘ ব্যাখ্যা: ধরি, ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা = x জন
∴ প্রত্যেকে চকলেট পাবে = ৩xটি
শর্তমতে, ৩x × x = ২৭০০
$\Rightarrow$ ৩$x^2$ = ২৭০০
$\Rightarrow$ $x^2$ = ৯০০
∴ x = ৩০
শিক্ষার্থীর সংখ্যা ৩০ জন।

৫০. নিম্নোক্তগণের মধ্যে কে বীরশ্রেষ্ঠ নন?
ক. হামিদুর রহমান খ. মোস্তফা কামাল
গ. মুন্সী আব্দুর রহিম ঘ. নুর মোহাম্মদ শেখ

উত্তর: গ ব্যাখ্যা: বাংলাদেশে সর্বোচ্চ বীরত্ব খেতাব বীরশ্রেষ্ঠ। বীরশ্রেষ্ঠ খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাগণ হলেন ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ, ল্যান্স নায়েক মুন্সি আবদুর রউফ, ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর, ইঞ্জিন রুম আর্টিফিসার রুহুল আমিন, সিপাহি মোস্তফা কামাল, ফ্লাইট লে. মতিউর রহমান এবং সিপাহি মোহাম্মদ হামিদুর রহমান।

৫১. 'প্রাচীন' এর বিপরীতার্থক শব্দ কী?
ক. নতুন খ. বর্তমান
গ. অর্বাচীন ঘ. কোনোটিই নয়

উত্তর: গ ব্যাখ্যা: 'প্রাচীন' বিশেষণবাচক শব্দটির অর্থ: বয়োবৃদ্ধ; যার বিপরীতার্থক শব্দ অর্বাচীন। কতিপয় বিপরীতার্থক শব্দ: নতুন-পুরাতন, নবীন-প্রবীণ, নিত্য-নৈমিত্তিক, নিরর্থক-সার্থক, নশ্বর-শাশ্বত, ন্যূন-অধিক।

৫২. 'নিকুঞ্জ' শব্দের সঠিক অর্থ কোনটি?
ক. খড়ের ঘর খ. বাগান
গ. খেলার মাঠ ঘ. পাখির বাসা

উত্তর: খ ব্যাখ্যা: 'নিকুঞ্জ' শব্দের সমার্থক: বাগান, বন, অরণ্য, উপবন, কানন, কুঞ্জ, কান্তার।

৫৩. একটি ভোট কেন্দ্রে উপস্থিত ভোটারদের ৬০% ভোট পেয়ে একজন প্রার্থী নির্বাচিত হয়েছেন। তিনি একমাত্র প্রতিদ্বন্দ্বী অপেক্ষা ৭৫০০ ভোট বেশি পেয়েছেন। ভোট কেন্দ্রে কত জন ভোটার উপস্থিত ছিল?

ক. ৩৭৫০০ খ. ৪২০০০
গ. কোনোটিই নয় ঘ. ২৫০০০

উত্তর ✓ ক ব্যাখ্যা শর্তমতে,
২০% = ৭৫০০ ভোট

$১ \% = \frac{৭৫০০}{২০}$ "

$\therefore ১০০\% = \frac{৭৫০০ \times ১০০}{২০}$ "

= ৩৭৫০০ ভোট

৫৪. 'অন্বেষণ' শব্দের সন্ধি বিচ্ছেদ করুন।

ক. অন্ব + এষণ খ. অনু + এষণ
গ. অন্ব + এষন ঘ. অন + এষণ

উত্তর ✓ খ ব্যাখ্যা অনু+এষণ = অন্বেষণ (স্বরসন্ধি সাধিত শব্দ)। উ-কার কিংবা উ-কারের পর উ-কার ও ঊ-কার ভিন্ন অন্যস্বর থাকলে উ বা ঊ-স্থানে ব-ফলা হয় এবং লেখার সময় ব-ফলা পূর্ববর্তী বর্ণের সাথে লেখা হয়। যেমন: সু+অল্প = স্বল্প, সু+আগত = স্বাগত, অনু+ইত = অন্বিত।

৫৫. প্রাচীন বাংলার প্রথম স্বাধীন নরপতির নাম কী?

ক. লক্ষন সেন খ. রাজা শশাঙ্ক
গ. গিয়াস উদ্দীন আজম শাহ ঘ. ফকরুদ্দীন মোবারক শাহ উত্তর খ

৫৬. ক, খ ও গ-এর বেতনের অনুপাত ৭:৫:৩। খ, গ অপেক্ষা ২২২ টাকা বেশি পেলে, ক এর বেতন কত?

ক. ৩৩৩ টাকা খ. ৭৭৭ টাকা
গ. ৮৮৮ টাকা ঘ. ৫৫৫ টাকা

উত্তর ✓ খ ব্যাখ্যা ধরি, ক, খ, গ এর বেতন যথাক্রমে ৭x, ৫x ও ৩x
শর্তমতে, ৫x − ৩x = ২২২
⇒ ২x = ২২২
⇒ x = ১১১
∴ ক এর বেতন = ৭x = ৭ × ১১১ = ৭৭৭ টাকা।

৫৭. Which one is the singular of leaves?

ক. Leafe খ. Leaf
গ. Leav ঘ. Leave

উত্তর ✓ খ ব্যাখ্যা কিছু কিছু Noun এর শেষে 'f' বা 'fe' থাকলে pural করার সময় 'f' বা 'fe' উঠায়ে দিয়ে ঐ স্থানে 'Ves' বসাতে হয়। যেমন : calf → calves, wolf → wolves, loof → loaves।

৫৮. $\Delta ABC$ এর $\angle A = 45°$ ও $\angle B = 30°$ হলে $\angle C$ এর মান কত ডিগ্রি?

ক. ৯০ খ. ১০০
গ. ১০৫ ঘ. ১১০

উত্তর ✓ গ ব্যাখ্যা শর্তমতে, $\angle C = 180° - (\angle A + \angle B)$
$= 180° - (45° + 30°)$
$= 180° - 75°$
$= 105°$

৫৯. ২০ ফুট লম্বা একটি বাঁশ এমনভাবে কেটে দুভাগ করা হলো যেন ছোট অংশ বড় অংশের দুই- তৃতীয়াংশ হয়, ছোট অংশের দৈর্ঘ্য কত ফুট?

ক. ১০ খ. ৬
গ. ৭ ঘ. ৮

উত্তর ✓ ঘ ব্যাখ্যা ধরি, ছোট অংশ = x, তাহলে বড় অংশ (২০ − x)
শর্তমতে, $x = \frac{২}{৩}(২০ - x)$
⇒ ৩x = ৪০ − ২x
⇒ ৫x = ৪০
∴ x = ৮

৬০. বাংলাদেশ মায়ানমার সমুদ্রসীমা মামলার রায় হয়-

ক. ১৫ জুন ২০০৯ খ. ১৪ মার্চ ২০১২
গ. ১৮ এপ্রিল ২০১২ ঘ. ২০ মে ২০১০

উত্তর ✓ খ ব্যাখ্যা জার্মানির হামবুর্গে সমুদ্র আইন সংক্রান্ত আন্তর্জাতিক ট্রাইব্যুনাল ১৪ মার্চ ২০১২ সালে এই রায় ঘোষণা করে। এই রায়ে ১ লাখ ১১ হাজার বর্গকি.মি. প্রদান করা হয় ফলে উপকূল থেকে ২০০ নটিক্যাল মাইল পর্যন্ত সমুদ্রসীমায় বাংলাদেশের অধিকার প্রতিষ্ঠিত হয়।

৬১. কোন বানানটি অশুদ্ধ?

ক. উপাধ্যক্ষ খ. উপাদান
গ. উপার্জন ঘ. উপচার্য

উত্তর ✓ ঘ ব্যাখ্যা 'উপচার্য' শব্দের শুদ্ধরূপ 'উপাচার্য'। কতিপয় শুদ্ধ বানানঃ উচ্চৈঃস্বরে, উপলব্ধি, উপর্যুক্ত, উদ্ভিজ্জ, উচ্ছ্বাস, ঊর্ধ্ব।

৬২. Which pair of words is dissimilar?

ক. fire, flame খ. bag, sack
গ. round, around ঘ. preserve, prevent

উত্তর ✓ ঘ ব্যাখ্যা preserve - সংরক্ষণ করা;
prevent - বাঁধা দেওয়া।

৬৩. The word 'everything' is ——.

ক. an adjective খ. an adverb
গ. a pronoun ঘ. a noun উত্তর গ

৬৪. সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে ৩ ও ৪ সে.মি. হলে, এর অতিভুজের মান কত?

ক. ৮ সে.মি. খ. ৪ সে.মি.
গ. ৫ সে.মি. ঘ. ৭ সে.মি.

উত্তর ✓ গ ব্যাখ্যা $(\text{অতিভুজ})^2 = (3)^2 + (4)^2 = 9 + 16 = 25$
∴ অতিভুজ = 5

৬৫. Choose the correct spelling:

ক. Accilarate খ. Accilerate
গ. Accelerate ঘ. Accelerrate

উত্তর ✓ গ ব্যাখ্যা Accelerate - গতিবৃদ্ধি।

৬৬. ১৯৮২ সালের সমুদ্র আইন সংক্রান্ত কনভেনশন অনুযায়ী একটি উপকূলীয় রাষ্ট্রের মহী সোপানের (Continental Shelf) সীমা হবে ভিত্তি রেখা হতে-

ক. ৩৫০ নটিকেল মাইল খ. ৪০০ নটিকেল মাইল
গ. ২০০ নটিকেল মাইল ঘ. ৩০০ নটিকেল মাইল

উত্তর ✓ ক ব্যাখ্যা ১৯৮২ সালের সমুদ্র আইন সংক্রান্ত কনভেশন অনুযায়ী একটি উপকূলীয় রাষ্ট্রের মহীসোপানের (Continental Shelf) সীমা হবে ভিত্তি রেখা হতে সর্বোচ্চ ৩৫০ নটিক্যাল মাইল বা ৬৪৮.২ কি.মি. এবং অর্থনৈতিক অঞ্চল ২০০ নটিক্যাল মাইল বা ৩৭০.৪ কি.মি।

**৬৭. The meaning of the word 'precedence' is:**

ক. a matter to deal with
খ. a case of reference
গ. event that never happened
ঘ. tenure of the President

উত্তর✓ খ ব্যাখ্যা Precedence - দৃষ্টান্ত ;
event that never happened - এমন একটি বিষয় যা কখনো হয়নি বা ঘটে নি।

**৬৮. সম্প্রতি বাংলাদেশের কোন অনুষ্ঠানটি জাতিসংঘের ইউনেস্কো সংস্কৃতির ঐতিহ্য তালিকায় স্থান পেয়েছে?**

ক. একুশের প্রভাত ফেরি খ. মঙ্গল শোভাযাত্রা
গ. রথ যাত্রা ঘ. একুশের বই মেলা

উত্তর✓ খ ব্যাখ্যা বাংলাদেশে সরকারের সংস্কৃতি মন্ত্রণালয়ের আবেদনক্রমে ২০১৬ সালের ৩০ নভেম্বর বাংলাদেশের 'মঙ্গল শোভাযাত্রা' জাতিসংঘ সংস্থা ইউনেস্কোর মানবতার অধরা সংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় স্থান লাভ করে।

**৬৯. $4x^4 + 1$ কে উৎপাদকে বিশ্লেষণ করলে কোনটি পাওয়া যাবে-**

ক. $(2x^2 + 2x + 1)(2x^2 - 2x - 1)$
খ. $(2x^2 + 2x - 1)(2x^2 - 2x + 1)$
গ. $(2x^2 + 2x + 1)(2x^2 - 2x + 1)$
ঘ. $(2x^2 + 2x - 1)(2x^2 - 2x - 1)$

উত্তর✓ গ ব্যাখ্যা $4x^4 + 1 = (2x^2)^2 + 2.2x^2.1 + (1)^2 - 4x^2$
$= (2x^2 + 1)^2 - (2x)^2$
$= (2x^2 + 2x + 1)(2x^2 - 2x + 1)$

**৭০. বাংলাদেশের প্রথম এভারেস্ট জয়ী মহিলা পর্বতারোহী কে?**

ক. রাবেয়া ভূইয়া খ. নাজিয়া সুলতানা
গ. ওয়াসফিয়া নাজনীন ঘ. নিশাত মজুমদার

উত্তর✓ ঘ ব্যাখ্যা নিশাত মজুমদার বাংলাদেশের প্রথম নারী হিসেবে ২০১২ সালের ১৯ মে শনিবার সকাল ৯.৩০ মিনিটে এভারেস্ট শৃঙ্গ জয় করেছেন। ওয়াসফিয়া নাজরীন সর্বকনিষ্ঠ বাংলাদেশী এবং দ্বিতীয় বাংলাদেশী নারী হিসেবে ২০১২ সালের ২৬ মে বিশ্বের সর্বোচ্চ শৃঙ্গ এভারেস্টের চূড়ায় আরোহন করেন।

**৭১. প্রদত্ত উপাদানগুলোর মধ্যক:**

**১২, ৯, ১৫, ৫, ২০, ৮, ২৫, ১৭, ২১, ২৩, ১১**

ক. ১২ খ. ১৫
গ. ১৩ ঘ. ১৪

উত্তর✓ খ ব্যাখ্যা প্রদত্ত উৎপাদক গুলোকে মানের উর্ধ্বক্রমে সাজালে পাওয়া যায়।
৫, ৮, ৯, ১১, ১২, (১৫), ১৭, ২০, ২১, ২৩, ২৫
এদের মধ্যক = ১৫

**৭২. বিশ্বের রাজধানী বলা হয় নিম্নের কোন শহরকে?**

ক. নিউইয়র্ক খ. রোম
গ. লন্ডন ঘ. টোকিও উত্তর ক

**৭৩. He prefers —— European country for spending his vacation.**

ক. an খ. a
গ. none ঘ. the

উত্তর✓ খ ব্যাখ্যা শব্দের শুরুতে Vowel 'E' থাকা সত্ত্বেও উচ্চারণ 'ইউ (u)' এর মত হওয়ায় European শব্দটির পূর্বে Article হিসেবে 'a' ব্যবহৃত হলো।

**৭৪. মুক্তিযুদ্ধের কোন সেক্টর কেবল নৌ কমান্ডো দ্বারা গঠিত হয়েছিল?**

ক. ১ নং সেক্টর খ. ১০ নং সেক্টর
গ. ৯ নং সেক্টর ঘ. ১১ নং সেক্টর

উত্তর✓ খ ব্যাখ্যা মুক্তিযুদ্ধের দশ নম্বর সেক্টরটি নৌ সেক্টর ছিল। এই সেক্টরে কোন সেক্টর কমান্ডার ছিল না। আতাউল গণি ওসমানী এই সেক্টর সরাসরি পরিচালনা করতেন। ১৯৭১ সালের ১৫ আগস্ট ১০ নম্বর সেক্টরের নৌকমান্ডোদের দ্বারা পরিচালিত প্রথম অভিযান 'অপারেশন জ্যাকপট' পরিচালিত হয়।

**৭৫. Which one is correct?**

ক. You, he and I are present.
খ. You, he and I am present.
গ. He, You and I am present.
ঘ. I, you and he are present.

উত্তর✓ ক ব্যাখ্যা ভাল অর্থে pronoun এর sequence টি হবে $2^{nd} + 3^{rd} + 1^{st}$ (231) এবং বিপরীত অর্থে $1^{st} + 2^{nd} + 3^{rd}$ (123)। উদাহরণ স্বরুপ : I, you, and he are guilty।

**৭৬. দুটি সরল রেখা পরস্পর ছেদ করলে যে চারটি কোণ উৎপন্ন হয় তাদের একটির বিপরীত কোণকে অপরটির কী বলা হয়?**

ক. পূরক কোণ খ. সম্পূরক কোণ
গ. বিপ্রতীপ কোণ ঘ. সন্নিহিত কোণ উত্তর গ

**৭৭. সবচেয়ে বড় সংখ্যা কোনটি?**

ক. $\frac{৯}{১০০০}$ খ. ০.০০৯৯
গ. ০.১০০ ঘ. $\frac{৯}{১০০}$

উত্তর✓ গ ব্যাখ্যা (ক) $\frac{৯}{১০০০}$ = ০.০০৯
(খ) ০.০০৯৯
(গ) ০.১০০
(ঘ) $\frac{৯}{১০০}$ = ০.০৯

**৭৮. The sentence 'Empty vessels sound much' refers to-**

ক. Pride goes before destruction
খ. Haste makes waste
গ. Barking dog seldom bites
ঘ. A little learning is a dangerous thing

উত্তর✓ গ ব্যাখ্যা প্রশ্নে উল্লিখিত প্রবাদটির অর্থ "শূন্য কলসি বাঁজে বেশী" এবং option এ উল্লিখিত প্রবাদটির অর্থ "যত গর্জে তত বর্ষে না" দুটোই সমার্থক।

**৭৯. 'শৃঙ্খলাকে অতিক্রান্ত = উচ্ছৃঙ্খল'- কোন সমাস?**

ক. বহুব্রীহি খ. তৎপুরুষ
গ. দ্বন্দ্ব ঘ. অব্যয়ীভাব

উত্তর✓ ঘ ব্যাখ্যা সামীপ্য (নৈকট্য), বিপ্সা, পর্যন্ত, অভাব, অনতিক্রম্যতা, সাদৃশ্য, যোগ্যতা প্রভৃতি নানা অর্থে অব্যয়ীভাব সমাস হয়। যেমন: কূলের সমীপে = উপকূল, দিন দিন = প্রতিদিন, আমিষের অভাব = নিরামিষ, সাধ্যকে অতিক্রম না করে = যথাসাধ্য।

**৮০. What type of noun the word 'infancy' is?**

ক. Common খ. Abstract
গ. Material ঘ. Collective

উত্তর✓ খ ব্যাখ্যা Infancy - শৈশব কাল।